**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 19.05.2024** **Time: 7.35 A.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) লোকসভা নির্বাচনের পঞ্চম দফায় রাজ্যের সাতটি আসনে আগামীকালের ভোটগ্রহণের জন্য চূড়ান্ত পর্যায়ে প্রস্তুতি চলেছে।

অবাধ ও সুষ্ঠু নির্বাচন সুনিশ্চিত করতে মোতায়েন থাকবে সাড়ে ছশো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

২) জমে উঠেছে পরবর্তী দফাগুলির জন্য ভোট প্রচার।

রাজ্যে আজ ফের প্রচারে শীর্ষ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

জোরদার প্রচার চালাচ্ছেন তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ও বাম-কংগ্রেস নেতারা।

৩) পূর্ব মেদিনীপুরের ময়নার বাগচায় বিজেপি নেতা বিজয়কৃষ্ণ ভুঁইয়া খুনের তদন্ত শুরু করেছে এনআইএ।

৪) রাজ্যের বেশিরভাগ জেলাতেই আজ থেকে বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দপ্তরের।

৫) আইপিএল ক্রিকেটের লিগ পর্বের শেষ ম্যাচে কলকাতা নাইট রাইডার্স আজ রাজস্থান রয়্যালসের মুখোমুখি হচ্ছে।

---

লোকসভা নির্বাচনের পঞ্চম দফায় আগামীকাল ভোটগ্রহণ। এরজন্য শেষ পর্যায়ে প্রস্তুতি চলছে। এই দফায় রাজ্যের ৭ টি সহ দেশের ৪৯ টি আসনে ভোট নেওয়া হবে। রাজ্যের সাতটি আসন বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেড়িয়া, হুগলী, শ্রীরামপুর ও আরামবাগে ভোটগ্রহণ শুরু হবে সকাল ৭টায়। চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত। ভোটকর্মীরা সংশ্লিষিট ডিসিআরসি কেন্দ্র থেকে প্রয়োজনীয় সরঞ্জাম নিয়ে আজই বিভিন্ন ভোটগ্রহণ কেন্দ্রে পৌঁছে যাবেন।

এই পর্বে মোট প্রার্থী রয়েছেন ৮৮ জন। এর মধ্যে ১৪ জন মহিলা।

১ কোটি ২৫ লক্ষেরও বেশি ভোটদাতা তাঁদের ভোটাধিকার প্রয়োগ করবেন। পঞ্চম দফার ভোটে বুথ রয়েছে ১৩ হাজার ৪৮১টি। এর মধ্যে ৭ হাজার ৭১১টি ক্রিটিকাল বুথ। মহিলা পরিচালিত বুথের সংখ্যা ১ হাজার ৪৬০। দুটি বুথ পরিচালনার দায়িত্বে বিশেষভাবে সক্ষম ব্যক্তিরা। মডেল বুথের সংখ্যা ৯৩।

অবাধ ও সুষ্ঠু নির্বাচন সুনিশ্চিত করতে ৬৫০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে। বুথের নিরাপত্তায় থাকবে ৬১৩ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। এর পাশাপাশি থাকবে ২৫ হাজারের বেশি রাজ্য পুলিশ। থাকবে ৫৬৭টি কুইক রেসপন্স টিম - Q R T।

নিরাপত্তার কথা মাথায় রেখে বন্ধ রাখা হয়েছে বনগাঁর পেট্রাপোল সীমান্ত।

---

লোকসভা নির্বাচনের পরবর্তী দফাগুলির জন্য প্রচারাভিযান জমে উঠেছে।

শীর্ষ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী **নরেন্দ্র মোদী** ভোটের প্রচারে আজ ফের রাজ্যে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, মেদিনীপুর, পুরুলিয়া ও বাঁকুড়ার বিষ্ণুপুর লোকসভা কেন্দ্রে জনসভা করবেন তিনি। পুরুলিয়ার গ্যাঙ্গাড়ার মাঠে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভার পর শ্রী মোদী বাঁকুড়ার নিকুঞ্জপুরে বিষ্ণুপুর ও বাঁকুড়া দুই লোকসভা কেন্দ্রে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভায় অংশ নেবেন। এরপর যাবেন মেদিনীপুর।

দলের মুখপাত্র শমীক ভট্টাচার্য্য গতকাল জানিয়েছেন যে, অসমের মুখ্যমন্ত্রী হেমন্ত বিশ্বশর্মা উত্তর ২৪ পরগণার বারাসাত, বসিরহাট ও উত্তর দমদমে দলীয় প্রার্থীদের হয়ে প্রচারে অংশ নেবেন। ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সাহাও দক্ষিণ ২৪ পরগণার মথুরাপুর ও পাথরপ্রতিমায় জনসভা করবেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী **মমতা ব্যানার্জী** আজ বাঁকুড়া শহরে একটি রোডশোতে অংশ নেবেন। দলীয় প্রার্থীর সমর্থনে মুখ্যমন্ত্রী কলেজমোড় থেকে লালবাজার মোড় পর্যন্ত রোড শো করবেন। পুরুলিয়া শহরেও তৃণমূল নেত্রীর একটি পদযাত্রায় অংশ নেওয়ার কথা। পুরুলিয়ার ভিক্টোরিয়া স্কুল মোড় থেকে পদযাত্রা শুরু হয়ে ডাকবাংলো মোড় পর্যন্ত যাবে। বাঁকুড়া ও পুরুলিয়ায় একইদিনে প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর প্রচারকে কেন্দ্র করে জোরদার নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে।

গতকাল হুগলীর কামারপুকুর এবং বাঁকুড়ার বিষ্ণুপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে মুখ্যমন্ত্রী জনসভা করেন। দুটি সভা থেকেই তিনি কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করেন। নরেন্দ্র মোদী সরকার ফের ক্ষমতায় এলে সংবিধান বিপন্ন হবে, মানুষের অধিকার হরণ করা হবে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন। আইএনডিআইএ জোট ক্ষমতায় এলে এনআরসি, সিএএ এবং অভিন্ন দেওয়ানি বিধি বাতিল করা হবে বলেও তিনি জানান।

বাইট মমতা

বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারী** আজ রামনগরে কাঁথি লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে বিজয় সংকল্প সভা এবং রোডশোতে অংশ নেবেন। গতকাল মেদিনীপুর লোকসভা আসনে শালবনীর পিড়াকাটাতে বিজয় সংকল্প সভা এবং কেশিয়ারিতে জনসভা করেন তিনি। এবারের নির্বাচনে বিজেপি বিপুল ভোটে জয়ী হবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন শুভেন্দু।

বাম ও কংগ্রেস প্রার্থীরাও, নিজ নিজ কেন্দ্রে জোরদার প্রচারে অংশ নিচ্ছেন। দমদম কেন্দ্রে দলীয় প্রার্থীর সমর্থনে আজ একটি রোড শোতে অংশ নেবেন **সিপিআইএম** নেতা শতরূপ ঘোষ। বরানগরে আজ মহামিছিলে যোগ দেবেন বাম নেতৃবৃন্দ।

আইএসএফ নেতা **নৌশাদ সিদ্দিকি** আজ বসিরহাট এবং বারাসাতে জনসভা করবেন।

-----------------------------

সিএএ নিয়ে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জীর অবস্থানের কড়া সমালোচনা করেছেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা। গতকাল একটি সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে শ্রী নাড্ডা বলেন, ভোটের রাজনীতির জন্য তৃণমূল কংগ্রেস অনুপ্রবেশকারীদের পাশে দাঁড়াচ্ছে, যা দেশদ্রোহের সামিল।

বাইট নাড্ডা

-----------------------------

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারকে শোকজ করল নির্বাচন কমিশন। সাম্প্রতিক কালে বিজেপির তরফে কয়েকটি সংবাদমাধ্যমে দেওয়া দুটি বিজ্ঞাপনে নির্বাচনী আচরণবিধি ভঙ্গ হয়েছে বলে তৃণমূল কংগ্রেসের তরফে কমিশনের কাছে অভিযোগ জানানো হয়েছিল। তারই পরিপ্রেক্ষিতে রাজ্য সভাপতি হিসেবে সুকান্ত বাবুকে শো কজ করা হয়েছে। ২১শে মে বিকেল ৫ টার মধ্যে তাকে কারণ দর্শাতে বলা হয়েছে।

-----------------------------

নির্বাচন কমিশন তৃণমূল কংগ্রেসের বিধায়ক হুমায়ুন কবিরের সম্প্রতি করা একটি মন্তব্যের তীব্র নিন্দা করে নির্বাচনী বিধিভঙ্গের জন্য তাকে সেন্সার করেছে। মুর্শিদাবাদের কাজীপাড়ায় একটি নির্বাচনী জনসভায় হুমায়ুন কবীর বিরোধীদলের কর্মী এবং ভোটারদের হুমকি দিয়েছিলেন। এ মাসের দু তারিখ এ বিষয়ে নির্বাচন কমিশনের কাছে অভিযোগ জমা পড়ে। গত ১০ তারিখ নির্বাচন কমিশন হুমায়ুন কবিরকে শোকজ করে তার বক্তব্য জানতে চাই।

-----------------------------

বিজেপি, শাসক দল তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে আদিবাসী সম্প্রদায়কে বঞ্চিত করার অভিযোগ করেছে। দলের রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য গতকাল বলেন, বীরভূমের দুবরাজপুরে বিজেপিকে ভোট দেওয়ার জন্য আদিবাসী সম্প্রদায়ের মানুষদের সরকারি কল থেকে পানীয় জল নিতে বাধা দেওয়া হচ্ছে। শ্রী ভট্টাচার্য বলেন, তৃণমূল কংগ্রেসের ঘৃণা, প্রতিহিংসা ও অসহিষ্ণুতার রাজনীতি চরম পর্যায়ে পৌঁছেছে। গত দু বছরের পরিসংখ্যান অনুযায়ী রাজ্যে যে কটি রাজনৈতিক সন্ত্রাস ও হত্যার ঘটনা ঘটেছে

তাতে বেশি সংখ্যায় তপশিলি,আদিবাসী এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের মৃত্যু হয়েছে বলেও তিনি অভিযোগ করেন।

পশ্চিমবঙ্গ দেশের মধ্যে সবচেয়ে সুরক্ষিত রাজ্য বলে তৃনমূল কংগ্রেস দাবি করেছে। দলের মুখপাত্র শান্তনু সেন বলেন, ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরোর রিপোর্ট অনুযায়ী পশ্চিম বঙ্গের আইন শৃঙ্খলা জনিত পরিস্থিতি বিজেপি শাসিত রাজ্যগুলির তুলনায় অনেক ভালো ।

-----------------------------

শাসক দলের দুষ্কৃতীদের হামলার প্রতিবাদ এবং দোষীদের গ্রেফতারের দাবিতে বিজেপি কর্মী সমর্থকরা গতকাল সবং থানা ঘেরাও করে বিক্ষোভ দেখিয়েছেন। তাঁদের অভিযোগ, শুক্রবার রাতে ঘাটাল লোকসভা কেন্দ্রের অন্তর্গত দশক গ্রাম পঞ্চায়েতের কোলন্দা, রাউতরাবাড়ি, বিলকুয়া-সহ একাধিক এলাকায় বিজেপি কর্মীদের বাড়িতে ঢুকে বাঁশ-লাঠি দিয়ে পেটানো হয়। অভিযোগ জানালেও পুলিশ কোন ব্যবস্থা নিচ্ছে না। প্রতিবাদে গতকাল সকাল থেকে সবং থানা ঘেরাও করে বিক্ষোভ দেখান বিজেপি কর্মীরা। অভিযুক্তরা গ্রেফতার না হলে বিক্ষোভ চালিয়ে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন তাঁরা। যদিও তৃণমূল কংগ্রেস এই অভিযোগকে ভিত্তিহীন বলে খারিজ করে দিয়েছে।

-----------------------------

ক্যান্সার আক্রান্ত দলীয় কর্মীকে মারধরের প্রতিবাদে গতকাল সিপিআইএম কর্মী সমর্থকরা পাটুলি থানা ঘেরাও করে বিক্ষোভ দেখায়। যাদবপুর আসনের প্রার্থী সৃজন ভট্টাচার্য্য অভিযোগ করেন, শুক্রবার এলাকায় বামেদের পথসভা চলাকালীন স্থানীয়

তৃণমূল কংগ্রেস কর্মীরা বিদ্যুত্ সংযোগ কেটে দেন। সেইসময় সিপিআইএম সমর্থক অভিক চৌধুরী প্রতিবাদ জানালে শাসকদলের সমর্থকরা তাকে মারধর করে। ভয় পেয়ে তৃণমূল কংগ্রেস এই ধরনের কাজ করছে বলে সিপিআইএম-এর অভিযোগ।

----------------------------

পূর্ব মেদিনীপুরের ময়নার বাগচায় বিজেপি নেতা বিজয়কৃষ্ণ ভুঁইয়া খুনের তদন্তে এনআইএ আধিকারিকরা গতকাল সেখানে যান। ঘটনাস্থল ঘুরে দেখার পাশাপাশি কথা বলেন, স্থানীয়দের সঙ্গে।

উল্লেখ্য হাইকোর্টের নির্দেশে এনআইএ এই মামলার তদন্ত শুরু করেছে। এই ঘটনায় ৩৪ জনের নামে এফআইআর দায়ের হয়েছে।

----------------------------

ভোটের আগে পূর্ব মেদিনীপুর জেলার এগরা ১ ব্লকের খাদিকুলে প্রচুর পরিমান অবৈধ বারুদ উদ্ধারকে কেন্দ্র করে ফের উত্তেজনা ছড়িয়েছে। গতকাল দুপুরে এলাকাবাসী জঙ্গলে বড়ো হাঁড়িতে রাখা বারুদ দেখতে পেয়ে এগরা থানায় খবর দেয়। বিশাল পুলিশ বাহিনী সেখানে পৌঁছলে পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখান স্থানীয়রা। নির্বাচনে গন্ডগোল পাকানোর উদ্দেশে বোমা তৈরির জন্য এই বারুদ মজুত করা হয়েছিল বলে তাঁদের অভিযোগ।

উল্লেখ্য, গত বছর ১৬ মে খাদিকুলে অবৈধ বাজি কারখানায় বিস্ফোরনে ১১ জনের মৃত্যু হয়। বোমা কারখানার মালিক ভানু বাগ বিস্ফোরণে গুরুতর আহত হয়ে মারা যায়।

----------------------------

সিকিম যাওয়ার পথে দুর্ঘটনায় গতকাল এক বাঙালী পর্যটকের মৃত্যু হয়েছে। শিলিগুড়ি থেকে গ্যাংটক যাওয়ার পথে সিংতামের কাছে পর্যটকবাহী একটি ট্যাক্সি রানিখোলা নদীতে পড়ে যায়। ঘটনাস্থলেই কলকাতার বাসিন্দা বছর ৭২-এর রবীন্দ্রনাথ পালের মৃত্যু হয়। মারা গেছে ট্যাক্সির চালকও। আহত চার পর্যটককে উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে।

-----------------------------

গরম ও অস্বস্তি কাটিয়ে দক্ষিণ ও উত্তরবঙ্গের বেশিরভাগ জেলাতেই বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। আগামীকাল হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানালেন,

বাইট সোমনাথ

-----------------------------

রাজ্যে স্কুলছুট শিশুদের শিক্ষাঙ্গনে ফেরাতে সমগ্র শিক্ষা মিশন কর্মসূচির আওতায় বিশেষ উদ্যোগ নেওয়া নেওয়া হচ্ছে। রেলওয়ে প্ল্যাটফর্ম, রাস্তা, ট্রাফিক সিগন্যাল, ফুটপাথের মত নির্দিষ্ট ক্ষেত্র চিহ্নিত করে শিশুদের খুঁজে বের করার উপরে জোর দেওয়া হচ্ছে। এর পাশাপাশি, বিভিন্ন ধাবা, গ্যারাজের শিশুকর্মী, কাগজ কুড়ুনি শিশুদেরও এর আওতায় আনতে বলা হয়েছে।

-----------------------------

আইপিএল ক্রিকেটের লিগ পর্বের শেষ ম্যাচে কলকাতা নাইট রাইডার্স আজ রাজস্থান রয়্যালসের মুখোমুখি হচ্ছে। গুয়াহাটির বর্ষাপাড়া স্টেডিয়ামে খেলা শুরু হবে

সন্ধ্যা সাড়ে সাতটায়। কেকেআর ইতোমধ্যেই প্লেঅফে পৌঁছে যাওয়ায় আজকের ম্যাচটি কার্যত নিয়ম রক্ষার।

---------------------------- ----------------------------